

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩৮০.১৭/২৫৬

তারিখ : ০৭/২/২০১৭ খ্রিঃ

বিষয় : মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী পরীক্ষার সম্মানী বন্টন প্রসঙ্গে।

সূত্র : ১) বরিশাল টিএসসি স্মারক নং- ৩৭.০৩.০৬০০.০০০.০১৮.০০৩.১৭.-৩৬১ তারিখ : ২৫/১/২০১৭খ্রিঃ।


২) বরিশাল টিএসসি স্মারক নং- ৩৭.০৩.০৬০০.০০০.০১৮.০০৩.১৭.-৩৬৮ তারিখ : ৩০/১/২০১৭খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ “বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজের পরীক্ষার সম্মানী/পারিশ্রমিক বন্টন”-এর কারণ দর্শানো/ব্যাখ্যার জবাব প্রদান করেন ও চীফ ইন্সট্রাক্টর (অটোমোবাইল) জনাব মোঃ জাকির হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগের জবাবটি অগ্রণীত করেন।

- ২) বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জবাবে উল্লেখ করেন যে, শিক্ষক-কর্মচারীদের পরীক্ষার সম্মানী/পারিশ্রমিক বন্টন কারিগরি বোর্ডের নীতিমালা অনুসরণ পূর্বক একাডেমিক কাউন্সিলের সভায় সদস্যদের অনুমোদনক্রমে প্রদান করা হয়। পরীক্ষার সম্মানী/পারিশ্রমিক বন্টনে পরবর্তীতে এ ব্যাপারে আরো অধিক সতর্কতা অবলম্বন করা হবে মর্মে জানান।
- ৩) জবাব পর্যালোচনায় দেখা যায়, কারিগরি বোর্ডের নীতিমালা অনুসরণ পূর্বক একাডেমিক কাউন্সিলের সভায় সদস্যদের অনুমোদনক্রমে প্রদানের বিষয়টি সংযুক্ত করা হলেও, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নীতিমালা কিভাবে অনুসরণ করা হয় তা স্পষ্ট নয়। মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী শিক্ষক-কর্মচারীদের পরীক্ষার সম্মানী/পারিশ্রমিক বন্টন করা উচিত ছিল। শিক্ষক-কর্মচারীদের সম্মানী/পারিশ্রমিক বন্টনের হিসাব বিস্তারিতভাবে উপস্থাপন করা হয় নি। অধিদপ্তর হতে কারণ দর্শানো পত্রে চীফ ইন্সট্রাক্টর (অটোমোবাইল) জনাব মোঃ জাকির হোসেনসহ অন্যান্য শিক্ষক-কর্মচারীদের সম্মানী/পারিশ্রমিক বন্টন এবং গত ৩(তিন) অর্থবছরের এ সংক্রান্ত আয় ও সম্মানী বন্টনের হিসাব প্রমানকসহ মতামত/প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছিল। তা সঠিকভাবে প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, যেহেতু তিনি পরবর্তীতে আরও অধিক সতর্কতা অবলম্বন করবেন বলে অঙ্গীকার করেছেন। সেহেতু বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ-কে পরবর্তীতে মন্ত্রণালয়ের নীতিমালা অনুসরণ পূর্বক পরীক্ষার সম্মানী বন্টন করার জন্য বলা হ'ল।

অধ্যক্ষ
বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজ
বরিশাল।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর


১/২/১৭

অনুলিপি:

১/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।